

ঘুম

ঘুমাও ক্লান্তিদেহ  
স্বপ্নময় প্রভায়  
দূরতর অন্ধকারে চোখ বুঁজে  
অস্তর্নয়ন পূর্ণ করে অতৃপ্তির--  
রিপুসমূহের দায়।  
লোভ বেড়ে গেলে নাকি শক্তি স্তিমিত হয়,  
হতে পারে অন্ধহলে খুলে যায়  
বন্ধদরোজার কাচ;  
তাহলে চোখ দেখে নেয় সমূহ আলো;  
ঘুমাও ক্লান্তিদেহ  
নগর কোলাহল আর দুঃস্বপ্ন থেকে  
উড়ে যাও অজানিত ঘুমের প্রদেশে  
ঘুমাও, ঘুম যাও, উদাসীন মন।

আহমেদ স্বপন মাহমুদ

